বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি প্রতিষ্ঠান)
ইনোভেশন টিম

পেট্রোবাংলার আওতাধীন কোম্পানি বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের আগস্ট-২০১৯ মাসের পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর)
সভার তারিখ	২৮ আগস্ট ২০১৯
সভার সময়	বিকাল ০২.৩০ ঘটিকা
স্থান	মিটিং রুম, বিজিএফসিএল
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি, উপস্থিত বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার আলোচ্যসূচী অনুযায়ী বিজিএফসিএল'র উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে ইনোভেশন উদ্যোগ বিষয়ে আলোচনার আহবান জানানো হয়।

১। সভায় বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এর বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০১৯-২০ বাস্তবায়ন বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়।

আলোচনা- ১ :

প্রণীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০১৯-২০ অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালা/সেমিনার দুই দফায়, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০ জন প্রশিক্ষণার্থির জন্য দুই দিনের প্রশিক্ষণ ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০ জন প্রশিক্ষণার্থির জন্য দুই দিনের প্রশিক্ষণ যথসময়ে আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : দুই দফায় ১ দিনের কর্মশালা/সেমিনার ও ২০ জন প্রশিক্ষণার্থির অংশগ্রহণে ২ দিন করে দুই দফায় উল্লিখিত প্রশিক্ষণের একটি সিডিউল তৈরী করা হয়। প্রশিক্ষণসমূহ কোম্পানির মানবসম্পদ বিভাগের মাধ্যমে সম্পন্নের সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচনা-২:

কোম্পানিতে কর্মরত কর্মকর্তাগণের উদ্যোমতা বৃদ্ধি, উদ্ভাবন ধারণা প্রদান, উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি ও বাস্তবায়নের লক্ষ্যে উদ্ভাবনী কর্মপরিকল্পনার প্রশিক্ষণ ও কর্মশালা সম্পন্নে রিসোর্স পারসন নির্বাচন বিষয়েও আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : দুই দফায় ১ দিনের কর্মশালা/সেমিনার এর জন্য পেট্রোবাংলা ও দুই দফায় ২ দিনের প্রশিক্ষণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং একসেস টু ইনফরমেশন (এটুআই) এর রিসোর্স পারসন দ্বারা আয়োজন।

আলোচনা-৩:

কাজের গতিশীলতা ও নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ/আইডিয়া সংগ্রহ করা প্রয়োজন।

সিদ্ধান্ত : নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া প্রাপ্তির লক্ষ্যে ইনোভেশনের উপর গুরুত্ব আরোপ করে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার জন্য দাপ্তরিক পত্র জারি করা।

২। পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/৯/১৯

মো: আমীর ফয়সাল
মহাব্যস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর)
ও
ইনোভেশন অফিসার, বিজিএফসিএল।

অবগতি :

- ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

জনপ্রশাসন কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে বিজিএফসিএল ইনোভেশন টিমের আগস্ট-১৯ মাসের সভা।

স্থান : প্রধান কার্যালয়ের মিটিং রুম
বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ : ২৮-০৮-২০১৯
উপস্থিতি :

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষর
১)	মো: আমীর ফয়সাল	মহাব্যবস্থাপক (কম্প্রেসর এন্ড জেনারেটর) ও ইনোভেশন অফিসার	28/8/19
২)	মো: আমান উল্লাহ বাহার	উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সদস্য	28.8.19
৩)	গনেশ চন্দ্র মজুমদার	উপ-মহাব্যবস্থাপক (অর্থ) ও সদস্য	28/08/2019
৪)	মো: আব্দুর রফিক প্রামানিক	উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স) ও সদস্য-সচিব এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা)	28.8.19
৫)	মো: বাবুল মিয়া	উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সদস্য	28.8.19
৬)	মো: রফিকুল ইসলাম	ব্যবস্থাপক, অপারেশন ডিভিশন ও সদস্য	28/08/19